দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 10. AUG .2015 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ১ ...

চিঠিপত্র letters.ittefaq@gmail.com

# এমপিওভুক্তকরণে জটিলতা

বেসরকারি স্কুল-কলেজ-মাদ্রাসায় নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের এমপিওভুক্তকরণে বিশাল জটিলতা সৃষ্টি করা হয়েছে। আগেও এই কাজটি সহজ ছিল না। গত ১০ জুনের আগে পর্যন্ত ডিইও ও ডিজি অফিসে যোগাযোগ করে এমপিও প্রক্রিয়া শেষ করা হতো। ঐ তারিখের পর থেকে এই প্রক্রিয়া আরো জটিল করা হয়েছে। এখন ডিজিটালের নামে বা অন লাইনে তথ্য পাঠানোর নামে চার অফিসে ধরনা দিতে হচ্ছে অর্থাৎ উপজেলা, ডিইও, ডিডি ও ডিজি অফিস। চার অফিসের অর্থ হচ্ছে একজন শিক্ষককে চার জায়গায় হয়রানির শিকার হতে হবে এবং ঘুষ দিতে হবে। সারা পৃথিবীতে দিনে দিনে সকল কাজই সহজ হচ্ছে। আর আমাদের শিক্ষা মন্ত্রণালয় উলটো পথে হাঁটছে। শিক্ষা মন্ত্রণালয়ের ভুল সিদ্ধান্তের কারণে শিক্ষকরা কেন হয়রানির শিকার হবেন? একজন ইনডেক্সধারী শিক্ষকের স্কুল পরিবর্তনের ক্ষেত্রে নতুন শিক্ষকের মতো এত তথ্য কেন প্রয়োজন হবে? তার জন্য নিয়োগপত্র, যোগদানপত্র, ইন্টারভিউ নম্বরপত্র ও কমিটির রেজুলেশন অনলাইনে জমা দিলেই যথেষ্ট নয় কি? বিষয়টির প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

মো. শহীদুল ইসলাম,
সহকারী শিক্ষক,
মর্গ্যান বালিকা উচ্চ বিদ্যালয়, নারায়ণগঞ্জ